তারিখ ... 04 APR 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

যুগান্তর

ব্যাচভিত্তিক নিয়োগের দাবিতে নার্সদের বিক্ষোভ

# আজ থেকে লাগাতার অবস্থান কর্মসূচি

**যুগান্তর রিপোর্ট**

প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০১৮ সাল পর্যন্ত ব্যাচভিত্তিক নিয়োগ এবং নার্স নিয়োগে পিএসসির নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছে আন্দোলনরত নার্সরা। রোববার দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ ডিপ্লোমা বেকার নার্সেস অ্যাসোসিয়েশন (বিডিবিএনএ) এবং বাংলাদেশ বেসিক গ্র্যাজুয়েট নার্সেস সোসাইটি (বিবিজিএনএস) এ

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## আজ থেকে লাগাতার অবস্থান কর্মসূচি

(৩য় পৃষ্ঠার পর)

সমাবেশ করে। এ সময় প্রধানমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী বরাবর দুটি স্মারকলিপি দেয়া হয়। এদিকে দাবি আদায়ে আজ সকাল ৯টা থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করবে আন্দোলনরত নার্সরা। রোববার বিক্ষোভ চলাকালে প্রেস ক্লাবের সামনের গুরুত্বপূর্ণ রাস্তায় যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। যে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে ব্যাপকসংখ্যক পুলিশ রাস্তায় অবস্থান নেয়। বাংলাদেশ বেসিক গ্র্যাজুয়েট নার্সেস সোসাইটির সভাপতি রাজিব কুমার বিশ্বাস যুগান্তরকে বলেন, আমরা সোমবার সকাল ৯টা থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি পালন করব। যতদিন না পর্যন্ত আমাদের দাবি মানা হবে ততদিন পর্যন্ত এ কর্মসূচি চলবে। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী নতুন সৃজিত 'সিনিয়র স্টাফ' নার্সের ১০ হাজার পদ ও বর্তমান শূন্য তিন হাজার ৭২৮টি পদসহ মোট ১৩ হাজার ৭২৮টি পদের মধ্যে ৮৯ শতাংশ পদ ডিপ্লোমা-ইন-নার্সিং ডিগ্রিধারী রেজিস্ট্রার্ড নার্সদের এবং ১১ শতাংশ পদ বেসিক বিএসসি-ইন-নার্সিং ডিগ্রিধারী রেজিস্ট্রার্ড নার্সদের মধ্য থেকে পূরণসাপেক্ষে অতি দ্রুত নিয়োগের দাবি জানান। তিনি বলেন, বাংলাদেশে সরকারি পর্যায়ে নার্সিং কর্মকর্তার ব্যাপক ঘাটতি থাকার পরও বর্তমানে ডিপ্লোমা-ইন-নার্সিং ডিগ্রিধারী এবং বিএসসি-ইন-নার্সিং ডিগ্রিধারী বেকার নার্সের সংখ্যা ২১ হাজার ৫০০। বাংলাদেশ ডিপ্লোমা বেকার নার্সেস অ্যাসোসিয়েশনের ভারপ্রাপ্ত সভাপতি রিনা আক্তার বলেন, ২৮ মার্চ ২০১৬ তারিখের মধ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় থেকে আকস্মিকভাবে আমাদের দাবির প্রতি বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে সিনিয়র স্টাফ নার্সের ৩ হাজার ৬১৬টি পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। আমরা ঘৃণাভরে এ প্রহসনের নিয়োগ বিজ্ঞপ্তি প্রত্যাখ্যান করেছি এবং এর তীব্র নিন্দা জানাচ্ছি।